অতীব জরুরি
কোভিড-১৯ ভ্যাকসিন
অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য - ২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং ৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০-৬৩ তারিখঃ ০৪/০২/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম এর শুভ উদ্বোধন করেন। গত ২৮ জানুয়ারি ৫টি হাসপাতালে প্রাথমিক টিকাদান পর্ব সমাপ্তির পর আগামী ৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হতে সারাদেশে এই ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ পরিপ্রেক্ষিতে সরকার প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণকে আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২। উল্লেখ্য, ভ্যাকসিন প্রদানের জন্য স্পট রেজিস্ট্রেশনের সুযোগ/ব্যবস্থা রাখা হয়েছে। তা সত্ত্বেও ঐ দিন বিভিন্ন হাসপাতাল ও টিকাদান কেন্দ্রে স্পট রেজিস্ট্রেশনের ব্যবস্থা থাকায় সার্ভারের উপর প্রচুর চাপ থাকবে বিধায় স্পট রেজিস্ট্রেশন স্বাভাবিক সময়ের চেয়ে অনেক বেশী সময় সাপেক্ষ হতে পারে। তাই আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের পূর্বেই সুরক্ষা অ্যাপস (www.surokkha.gov.bd) এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করলে স্বল্প সময়ে ভ্যাকসিন প্রদান সম্ভব হবে।

০৩। এমতাবস্থায়, প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণকে নির্ধারিত তারিখের আগে রেজিস্ট্রেশন সম্পন্ন পূর্বক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত বুথে কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

08/02/2020

(মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫৩১

বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
২. ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা। (প্রয়োজনীয় প্রোটোকল অনুসরণপূর্বক ভ্যাকসিন প্রদান কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)

অনুলিপিঃ

১. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. যুগ্মসচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

# আগামী ০৭/০২/২০২১ তারিখে ভ্যাকসিন প্রদানের জন্য মন্ত্রণালয়ভিত্তিক নির্ধারিত হাসপাতালের তালিকা:

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | সেবা গ্রহণকারী মন্ত্রণালয়ের নাম |
|---|---|---|
| ১ | বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় | ১. সাংবিধানিক পদধারীগণ<br>২. রাষ্ট্রপতির কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ<br>৩. ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকবৃন্দ |
| ২ | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল | ১. শিল্প মন্ত্রণালয়<br>২. কৃষি মন্ত্রণালয় |
| ৩ | কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা | ১. জননিরাপত্তা বিভাগ |
| ৪ | পিলখানা বিজিবি হাসপাতাল | ১. সুরক্ষা সেবা বিভাগ |
| ৫ | সম্মিলিত সামরিক হাসপাতাল, (সিএমএইচ), ঢাকা, সম্মিলিত সামরিক হাসপাতাল, (সিএমএইচ), মিরপুর এবং পোস্তগোলা | ১. প্রতিরক্ষা মন্ত্রণালয়<br>২. সশস্ত্র বাহিনী বিভাগ |
| ৬ | স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল | ১. বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>২. পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৭ | সরকারি কর্মচারি হাসপাতাল | ১. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>২. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৮ | শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল | ১. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়<br>২. সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৯ | মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল | ১. বেসমারিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়<br>২. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ১০ | জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল | ১. বাণিজ্য মন্ত্রণালয়<br>২. বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| ১১ | জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল | ১. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| ১২ | জাতীয় কিডনী ইনস্টিটিউট ও হাসপাতাল | ১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় |
| ১৩ | জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট | ১. পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ১৪ | জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট | ১. ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়<br>২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ১৫ | জাতীয় অর্থপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান | ১. শিক্ষা মন্ত্রণালয়<br>২. ভূমি মন্ত্রণালয় |
| ১৬ | শেখ রাসেল গাস্ট্রো-লিভার ইন্সটিটিউট ও হাসপাতাল | ১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>২. পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ১৭ | ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল | ১. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়<br>২. তথ্য মন্ত্রণালয় |

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | সেবা গ্রহণকারী মন্ত্রণালয়ের নাম |
|---|---|---|
| ১৮ | জাতীয় নাক কান গলা ইনস্টিটিউট, ঢাকা | ১. বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়<br>২. গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ১৯ | শেখ হাসিনা ন্যাশনাল ইন্সটিটিউট অব বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি | ১. মন্ত্রিপরিষদ বিভাগ<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ২০ | জাতীয় ক্যান্সার গবেষনা ইনস্টিটিউট ও হাসপাতাল | ১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়<br>২. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| ২১ | জাতীয় বাতজ্বর জনিত হৃদরোগ প্রতিরোধ কেন্দ্র (এনসিসিআরএফ/এইচডি) | ১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ২২ | বাংলাদেশ সংসদ সচিবালয় ক্লিনিক | ১. আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় |
| ২৩ | মোহাম্মদপুর ফারটিলিটি সেন্টার | ১. যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ২৪ | আজিমপুর মা ও শিশু হাসপাতাল | ১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২৫ | ২৫০ বেড টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকা | ১. খাদ্য মন্ত্রণালয় |
| ২৬ | সংক্রামক ব্যাধি হাসপাতাল, ঢাকা | ১. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২৭ | কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা | ১. প্রধানমন্ত্রীর কার্যালয়<br>২. অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ২৮ | ঢাকা মহানগর শিশু হাসপাতাল, লালবাগ | ১. নৌ-পরিবহণ মন্ত্রণালয় |
| ২৯ | নাজিরাবাজার মাতৃসদন | ১. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৩০ | ঢাকা ডেন্টাল কলেজ, মিরপুর | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩১ | ঢাকা শিশু হাসপাতাল, শ্যামলী, ঢাকা | ১. রেলপথ মন্ত্রণালয়<br>২. জাতীয় রাজস্ব বোর্ড |